

AP  
স্বাক্ষর  
০২.১১.২০২০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা প্রকৌশল অধিদপ্তর  
শিক্ষা ভবন, ঢাকা।


স্মারকনং- ৩৭.০৭.০০০০.০০৭.৩৫.৩৮৭.২০২০- ৮৩

তারিখ: ০২/১১/২০২০।

### অফিস আদেশ

এতদ্বারা সংশ্লিষ্ট সকলে অবগতির জন্য জানানো যাচ্ছে যে, মোঃ আনোয়ার হোসেন, কুঠিবাড়ী-২, স্টেশন রোড, ফরিদপুর কে ০৯/০৬/২০১৯ খ্রিঃ তারিখে পাংশা সিদ্দিকিয়া ফাজিল মাদ্রাসার ৪তলা ভিত বিশিষ্ট ১তলা একাডেমিক ভবন নির্মাণ কাজের জন্য কার্যাদেশ প্রদান করা হয়। দীর্ঘ দিন পর গত ২৭/১০/২০২০ খ্রিঃ তারিখে ছাদ ঢলাই কাজের জন্য নিম্নমানের নির্মাণ সামগ্রী সাইটে মজুদ শুরু করেন। সংশ্লিষ্ট উপ-সহকারী প্রকৌশলী নিম্নমানের নির্মাণ সামগ্রী নির্মাণ সাইট হতে অপসারণ করতে বলেন। ঠিকাদারের প্রতিনিধি নিম্নমানের নির্মাণ সামগ্রী অপসারণ করতে অপারগতা প্রকাশ করে কর্তব্যরত উপ-সহকারী প্রকৌশলীকে তাঁর সরকারি দায়িত্ব পালনে বাধা প্রদান করেন এবং তাঁকে শারীরিক ভাবে লাঞ্চিত করেন।

০২। বর্ণিত অবস্থায় মোঃ আনোয়ার হোসেন, কুঠিবাড়ী-২, স্টেশন রোড, ফরিদপুর কে অত্র অধিদপ্তরের আওতায় সকল দরপত্রে অংশ গ্রহণ করার অযোগ্য ঘোষণা করা হলো।

  
০২.১১.২০২০  
(বুলবুল আখতার)  
প্রধান প্রকৌশলী  
শিক্ষা প্রকৌশল অধিদপ্তর



অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে):

- ০১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ/ কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ,, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।  
০২। অতিরিক্ত সচিব (উন্নয়ন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ/ কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০৩। পরিচালক, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।

অনুলিপি কার্যার্থে প্রেরণ করা হল:

- ০১। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, (সকল) .....।  
০২। নির্বাহী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, (সকল) উত্তর-২ .....।  
০৩। সংরক্ষণ নথি।